



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)  
E-mail: [iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩৫৩৬৯৮


তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ ৫(পাঁচ) বছরের অধিককাল কর্মরত অত্র প্রকল্পে নিয়োগকৃত (দমআকভুক্ত) ৩৪জন মাঠসংগঠকদের বদলী সংক্রান্ত।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পে দমআকভুক্ত ৩৪জন মাঠসংগঠক-কে অত্র প্রকল্পে নতুনভাবে নিয়োগ প্রদান করা হয়। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে উক্ত ৩৪জন মাঠসংগঠক-কে তাদের পূর্বের কর্মস্থলে পদায়ন করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠসংগঠকদের অনেকে দীর্ঘদিন একই উপজেলায় কর্মরত থাকায় তারা বিভিন্ন সময় বিভিন্ন অনিয়মের সাথে সম্পৃক্ত হয়ে পড়ছেন। বিশেষ করে একজন সদস্যকে একাধিক সমিতির সদস্য দেখিয়ে বিপুল অংকের ঋণ বিতরণ, বিভিন্ন সদস্যদের বিপরীতে ঋণ বিতরণ দেখিয়ে মূলত একজন-কে প্রদান অথবা নিজে সরাসরি গ্রহণ, সমিতির বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার আগে অন্য সমিতির আদায়কৃত ঋণের টাকা দিয়ে উক্ত সমিতির ঋণ পরিশোধ করে ঐ সমিতিতে পুনরায় ঋণ বিতরণ ইত্যাদি উল্লেখযোগ্য। বর্ণিত অনিয়মের কারণে পরবর্তিতে বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপীসহ আত্মসাৎ এর ঘটনা ঘটে। তাই যে সকল মাঠসংগঠক দমআকসহ অত্র প্রকল্পে একই উপজেলায় ০৫ (পাঁচ) বছরের অধিক কাল কর্মরত আছেন তাদের-কে প্রকল্প হতে বাধ্যতামূলক বদলী এবং যে সকল মাঠসংগঠকের বিরুদ্ধে হস্তমজুদ/আত্মসাৎ প্রমানিত হবে তাদের সরাসরি চাকুরী হতে বরখাস্তকরণ পূর্বক ফৌজদারী মামলা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে এবং বর্ণিত অনিয়ম প্রতিরোধের লক্ষ্যে যে সকল মাঠসংগঠক একই উপজেলায় ০৫ (পাঁচ) বছরের অধিক কাল (দমআকসহ) কর্মরত আছেন তা সংযুক্ত ছক -‘ক’ অনুযায়ী নির্ধারনপূর্বক আগামী ২০/৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তাদের পছন্দ অনুযায়ী পরবর্তী বদলীর জন্য প্রকল্পভুক্ত ন্যূনতম ০৩টি উপজেলার নাম প্রকল্প দপ্তরে প্রেরণ এবং একই সাথে হস্তমজুদ/আত্মসাৎ এর সাথে জড়িত মাঠসংগঠকদের চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ ছক - ‘ক’

  
০৪/০৪/১৬  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪


উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
..... উপজেলা  
..... জেলা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-**

- ১। মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ....., জেলাঃ.....।
- ২। সহকারী পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, উপজেলাঃ....., জেলাঃ.....।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। উপ-পরিচালক, বিআরডিবি, যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা।
- ৫। উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও প্রশিঃ)/(উন্নয়ন, বাজেট ও অর্থ) ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৬। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অফিস নথি/ ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

ছক - 'ক'

ক্রঃ নং	শার্টসংগঠক এর নাম	বর্তমান কর্মস্থলের নাম	বর্তমান কর্মস্থলে কর্মকাল (দমতাকসহ)	হস্তমজুদ/আত্মসাহে আদে কি না ? খাকলে তার বিবরণ	পরবর্তী বদলীর জন্য প্রস্তাব (কর্মস্থলের নাম পছন্দ অনুযায়ী)	
					উপজেলা	জেলা
১						
২						
৩						

  
প্রকৌশলী মোঃ রাশেদুল আলম  
একম পলিটেকনিক (IRESPM)  
বিআরডিবি, ঢাকা

(নামসহ স্বাক্ষর)  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
-----উপজেলা  
-----জেলা।